

ইকফাই-এ 'চলো খাই'

কামালঘাট, ৭ মার্চ :

'চিকেন ফ্রায়েড রাইস', 'পনির-চটপটা', 'নিজামি তরকা', লেবু-মশালা, 'পাপড়ি-চাট', 'গোলগাঙ্গা', 'চিকেন পোলাও', 'এগ-চিকেন রোল' সহ রকমারি খাবারের সম্ভার নিয়ে স্টল সাজিয়ে বুধবার দুপুরে ক্যাম্পাসে হাজির ইকফাই বিশ্ববিদ্যালয়ের এমবিএ পড়ুয়ারা। পড়ুয়াদের চারটে স্টল, একেকটি দলে ন্যূনতম ছয় জন। প্রতিটি স্টলের সামনে প্রচুর ভিড়। পড়ুয়া, শিক্ষক-অশিক্ষক কর্মচারী কে নেই ক্রেতাদের ভিড়ে ! একঘণ্টার মধ্যেই সব আইটেম নিশেষিত। পড়ুয়ারা বাড়ী থেকেই বানিয়ে নিয়ে এসেছিল রকমারি খাবার।

হঠাৎ অভিনব এই উদ্যোগ কেন ? বিশ্ববিদ্যালয়ের এক প্রবীন শিক্ষক জানালেন, ইকফাই বিশ্ববিদ্যালয়ে পুঁথিগত শিক্ষার পাশাপাশি প্রতিটি কোর্সের ব্যবহারিক দিকগুলো পড়ুয়াদের অত্যন্ত গুরুত্ব সহকারে শেখানো হয়। যারা এমবিএ পড়ছে ওরা যাতে নতুন প্রোডাক্টের পরিকল্পনা, সেগুলির মার্কেটিং এবং বিক্রয় করার সঠিক পদ্ধতি সম্পর্কে অবহিত হতে পারে সেজন্যেই খুব অল্প সময়ের প্রস্তুতিতে আজ এথনিক ফুড ফেস্টিভ্যালের আয়োজন করা হয়। তিনি মনে করিয়ে দেন, পুরো উদ্যোগটাই ছিল পাঠ্যক্রমের অন্তর্গত। এজন্যেই প্রদত্ত কর্মসূচীতে পড়ুয়ারা যথেষ্ট সিরিয়াস ছিল। বুধবার দুপুরে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইডিএফসি ব্যাংকের বরিষ্ঠ ব্যবস্থাপক চিরঞ্জীব পাঠক।

প্রেস বিবৃতি